গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

# উদ্ভাবনী পাইলট উদ্যোগ/ প্রকল্প পরিদর্শন প্রতিবেদন

[স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুর্গাপুর ইউনিয়নে শতভাগ প্রাতিষ্ঠানিক প্রসবসেবা নিশ্চিত" শীর্ষক চলমান উদ্ভাবনী পাইলট উদ্যোগ/ প্রকল্প পরিদর্শন প্রতিবেদন]

## ১। ভূমিকা:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর আওতায় 'পরিবীক্ষণ' উদ্দেশ্য-এর অন্তর্গত 'মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান" শীর্ষক কার্যক্রম (১৩.৩) অন্তর্ভুক্ত আছে। উক্ত কার্যক্রমের আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুর্গাপুর ইউনিয়নে শতভাগ প্রাতিষ্ঠানিক প্রসবসেবা নিশ্চিতকরণ" শীর্ষক চলমান উদ্ভাবনী পাইলট প্রকল্প/উদ্যোগ কার্যক্রম স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ইনোভেশন টিমের পক্ষ হতে গত ২৫/০২/২০২১ তারিখ সরেজমিন পরিদর্শন করা হয়।

পরিদর্শনকারীর নাম ও পদবি:

(১) জনাব নীতিশ চন্দ্র সরকার, অতিরিক্ত সচিব (জনসংখ্য, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(২) জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব জনসংখ্যা-১ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

পরিদর্শনের তারিখ : ২৫/০২/২০২১

## ২. উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির সাধারণ তথ্যাদি:

- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/ প্রকল্পের নাম: "দুর্গাপুর ইউনিয়নে শতভাগ প্রাতিষ্ঠানিক প্রসবসেবা নিশ্চিতকরণ"
- উদ্ভাবকের নাম ও পদবি: জনাব এ, কে, এম, জহিরুল ইসলাম, উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নোয়াখালী
- ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম: জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেগমগঞ্জ, নোয়াখালী
- পাইলট উদ্যোগ/প্রকল্প এলাকাঃ দুর্গাপুর ইউনিয়ন, বেগমগঞ্জ উপজেলা, নোয়াখালী
- উদ্ভাবন পাইলট উদ্যোগ/প্রকল্পটির আওতায় উল্লেখ্যযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরূপ:
  - অপ্রশিক্ষিত ধাত্রীদের কাউন্সেলিং-এর আওতায় এনে দক্ষ করে গড়ে তোলা ও পুনর্বাসনের ব্যবস্থা করা;
  - প্রাতিষ্ঠানিক প্রসবসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারণা চালানো;
  - গর্ভবতীদের তালিকা ও তথ্য সমৃদ্ধ ডাটাবেইস প্রণয়ন ও তার ব্যবহার;
  - গর্ভবতী মহিলাদের ম্যাপিং ও EDD ম্যাপিং প্রণয়ন;

- গর্ভবতী কার্ড চালু করা ;
- তহবিল গঠন;
- বিভিন্ন কমিটিসমূহ সচল রাখা;
- জনপ্রতিনিধিকে প্রকল্প কার্যক্রমে সম্পৃক্ত রাখা;
- সিএনজি চালকের মোবাই নম্বর সর্বসাধারণের দৃষ্টিসোচরে আনায়নের ব্যবস্থা (চিকিৎসা সেবা নিতে স্বাস্থ্যকেন্দ্রে যাওয়ার জন্য)

## ৩. উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির কার্যক্রমের পর্যালোচনাপূর্বক মূল্যায়ন:

৩.১ উদ্ভাবনী পাইলট প্রকল্পটি সরেজমিন পরিদর্শনপূর্বক এর অন্তর্গত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়ার পর এটা প্রতীয়মান হয় যে, উদ্ভাবনী পাইলট প্রকল্পটির কার্যক্রম বর্তমানে সন্তোষজনক পর্যায়ে রয়েছে। প্রকল্পটি স্থানীয় জনগণের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে।

৩.২ সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির আলোকে চলমান প্রকল্পটির কার্যক্রমের ইতিবাচক ফলাফল:

- অপ্রশিক্ষিত ধাত্রীদেরকে কাউন্সেলিং করার ফলে তারা অধিকতর দক্ষতার সাথে সরকারি স্বাস্থ্য কেন্দ্রে প্রসবসেবা কাজে অবদান রাখছে;
- ব্যাপক প্রচার-প্রচারণার ফলে স্বাস্থ্য দুর্গাপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রসবসেবা গ্রহণকারীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পচ্ছে;
- প্রাতিষ্ঠানিক প্রসবসেবা উল্লেখেযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে;
- গর্ভবতী কার্ড প্রতিটি গর্ভবতী মহিলাকে প্রদান করার ফলে গর্ভবতী মহিলা উক্ত কার্ডের মাধ্যমে প্রসবসেবা সম্পর্কিত যাবতীয় তথ্যাদি পাচ্ছেন এবং পরবর্তী সেবা সম্পর্কে দিক নির্দেশনা পাচ্ছেনা যা সময় মত প্রসবসেবা প্রাপ্তিতে সহায়ক হচ্ছে;
- ইউনিয়ন পর্যায়ে বিদ্যমান কমিটিসমূহ নিয়মিত সভায় মিলিত হয়। এর ফলে প্রসবপূর্বসেবা, প্রসবসেবা ও প্রসবপরবর্তীসেবাসহ সার্বিক পরিবার পরিকল্পনা সেবা সম্পর্কিত কার্যক্রমে সুপারভিশন ও পরিবীক্ষণ অধিকতর ফলপ্রসূ করা সম্ভব হচ্ছে;
- গর্ভবতী মহিলাদের ম্যাপিং (EDD ম্যাপিংসহ) প্রণয়ন ও তার প্রয়োগের মাধ্যমে সঠিক সময়ে গর্ভবতী মহিলার প্রসবপূর্ব ও প্রসবকালীন সেবা প্রদান করা সম্ভব হচ্ছে;
- আপদকালীন ব্যয় নির্বাহের জন্য তহবিল গঠনে উৎসাহিত করা হচ্ছে;
- দুর্গাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারগণ আলোচ্য প্রকল্পটির বিভিন্ন কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত থেকে বাস্তবায়নে সহায়তা প্রদান করছেন যা প্রকল্পটির বাস্তবায়নে উল্লেখযোগ্য অগ্রগতিতে অবদান রাখছে। তিনি কিছু লোকবল নিয়োগ দিয়েছেন যার ফলে প্রকল্পের কাজে গতি সঞ্চার করেছে।

## ৪. উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির বাস্তবায়ন চ্যালেঞ্জ:

- দুর্গাপুর ইউনিয়নে বেশ কিছু এলাকা চরাঞ্চল। উক্ত চরাঞ্চলের জনগণকে পরিবার পরিকল্পনা সেবা তথা প্রাতিষ্ঠানিক প্রসবসেবার আওতায় আনা বেশ কষ্টসাধ্য;
- একজন FWA-এর আওতাধীন সক্ষম দম্পতির সংখ্যা পূর্বের তুলনায় বৃদ্ধি পাওয়ায় তাঁদের পক্ষে সকল সক্ষম দম্পতিকে পরিবার পরিকল্পনা সেবার আওতায় আনা বেশ কষ্টসাধ্য;
- মেডিক্যাল অফিসারগণ Implant করার জন্য ভাতা পান, কিন্তু পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ সেবা প্রদানের বিপরীতে ভাতা/প্রণোদনা পান না, অথচ পুরো কাজটা সমন্বয় করেন পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

## ৫. সুপারিশ:

(১) উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটিকে উদ্ভাবনী প্রদর্শনীর (শোকেসিং) আওতায় অন্তর্ভুক্তির বিবেচনা করা যেতে পারে;

(২) উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির কার্যক্রমের উপর ডকুমেন্টেশন করা যেতে পারে;

(৩) উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটিকে পার্শ্ববর্তী অন্য কোনো ইউনিয়নে বা অন্য কোনো উপজেলার কোনো ইউনিয়নে রেপ্লিকেশন করার জন্য বিবেচনা করা যেতে পারে। এ লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যেতে পারে।

## ৬. উপসংহার:

'দুর্গাপুর ইউনিয়নে শতভাগ প্রাতিষ্ঠানিক প্রসবসেবা নিশ্চিত' শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক প্রতীয়মান হয়। উক্ত উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট উদ্ভাবক, স্বাস্থ্যকর্মী ছাড়াও জনপ্রতিনিধি ও স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ রয়েছে। প্রকল্পটি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে বর্তমানে যে গতি রয়েছে এবং সংশ্লিষ্টদের অংশগ্রহণ রয়েছে তা অব্যাহত থাকলে প্রকল্পটির কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে মর্মে আশা করা যায়।

২৮/০২/২০২১

(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব জনসংখ্যা-১
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম,
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২৮/০২/২১

(নীতিশ চন্দ্র সরকার)
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)
ও
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১১৪.০৬.০১৩.২০.৬০

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭ / ২৮ ফেব্রুয়ারি ২০২১

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
২। পরিচালক (এমআইএস) ও ইনোভেশন অফিসার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা.
৪। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২৮/০২/২০২১

(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব
টেলিফোন: ৯৫৪৬০৪৬
ই-মেইল: population1@mefwd.gov.bd